গাংনীর দুটি মাধ্যমিক বিদ্যালয়ের দুই সিনিয়র শিক্ষকের মৃত্যু

গাংনী উপজেলার হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের বিএসসি শিক্ষক মোঃ মেহেদী হাসান ও গাঁড়াডোব মাধ্যমিক বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক নাসিমা খাতুন একই দিনে মারা গেছেন। (ইন্নালিল্লাহী ওয়া ইন্না এলাহী রাজিউন)

মঙ্গলবার (১৫ নভেম্বর)ঢাকার একটি বেসরকারি হাসপাতালে হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোঃ মেহেদী মাষ্টার সকাল ৬টায় ইন্তেকাল এবং গাঁড়াডোব মাধ্যমিক বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক নাসিমা খাতুন এনাম মেডিকেল কলেজ হাসপাতালে (আইসিইউ) তে চিকিৎসাধীন অবস্হায় মারা যান ভোর রাতের দিকে।

বিএসসি শিক্ষক মেহেদী হাসান গাংনী উপজেলার হাড়াভাঙ্গা ছাদীমান মৌলানা পাড়া (বর্তমানে গাংনীতে বসবাসরত) এবং গাঁড়াডোব মাধ্যমিক বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক নাসিমা খাতুন তার নিজ গ্রাম গাঁড়াডোব গ্রামে বসবাস করতেন।

দুই শিক্ষকের মৃত্যুতে গাংনী উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ শোক প্রকাশ করেছেন, এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেছেন।

গাংনীতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহের উদ্বোধন

দুর্ঘটনা দুর্যোগ হ্রাস করি, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ি এই স্লোগানকে নিয়ে গাংনীর বামন্দীতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহের উদ্বোধনী করা হয়েছে।

মঙ্গলবার (১৫ নভেম্বর) সকালে উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ফায়ার ও ডিফেন্স সার্ভিস স্টেশনের (ভারপ্রাপ্ত) কর্মকর্তা ইসাহাক আলী বিশ্বাস।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম। বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক। গাংনী উপজেলা মৎস্য অফিসার খন্দকার শহিদ, এলাকার গন্যমান্য ব্যক্তি বিশিষ্ট শিল্পপতি হাজী মতিয়ার রহমার। এছাড়াও উপস্থিত ছিলেন স্থানীয় গণমান্য ব্যক্তিবর্গ।

মেহেরপুর জেলা পরিষদের নবনির্বাচিত পরিষদের মতবিনিময় সভায় –জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেন, ৭৫ এ বঙ্গবন্ধুর পরিবারের মতোই ২০০৪ সালের আরেকটি আগষ্ট সৃষ্টি করে প্রধান মন্ত্রী শেখ হাসিনাসহ আওয়ামীলীগের গুরুত্বপূর্ণ ব্যক্তিদের হত্যার চেষ্টা করা হয়েছিল। শেখ হাসিনাকে হত্যার মধ্য দিয়ে আওয়ামীলীগকে নিশ্চিহৃ করতে চেয়েছিল। শেখ হাসিনা ও আওয়ামীলীগকে নিশ্চিহৃ করার মধ্য দিয়ে এদেশকে ধ্বংষ করতে চেয়েছিল।

শেখ হাসিনার নেতৃত্বে গঠিত সরকার আজ এই বাংলাদেশ বিশ্বে উন্নয়নের রোল মডেলে পরিণত হয়েছে।

মঙ্গলবার দুপুরে মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে আয়োজিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী।

মেহেরপুর জেলা পরিষদ প্রাঙ্গণে আয়োজিত এই মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন নবনির্বাচিত চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম।

ভট্টাচার্য, গাংনী পৌরসভার সাবেক মেয়র আশরাফুল ইসলাম, জেলা পরিষদের নবনির্বাচিত সদস্য ইমতিয়াজ হোসেন মিরন, আজিমুল বারী, শাহানা ইসলাম শান্তনা, মিজানুর রহমান, সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি বোরহান উদ্দিন আহমেদ চুন্নুসহ বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মেম্বর, আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

মিরপুরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহের শুভ উদ্বোধন

‘দুর্ঘটনা-দুর্যোগ হ্রাস করি, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ি’, স্লোগানকে সামনে রেখে, কুষ্টিয়ার মিরপুরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ-২০২২ শুভ উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার (১৫ নভেম্বর) সকালে মিরপুর ফায়ার সার্ভিস স্টেশন প্রাঙ্গণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।

অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফীন।

মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আব্দুল কাদেরের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন মিরপুর পৌরসভার মেয়র হাজী এনামুল হক, মিরপুর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল কাশেম জোয়ার্দ্দার, মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রাশেদুল আলম ও মিরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের স্টেশন অফিসার মোঃ সবুজ হোসেন।

এ সময় উপস্থিত ছিলেন মিরপুর ফায়ার সার্ভিস স্টেশনের সাব-অফিসার শাহে আলম ও অন্যান্য সদস্যবৃন্দ।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, এ উপলক্ষে বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়েছে। আগামী ১৭ নভেম্বর (বৃহস্পতিবার) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ ২০২২ সমাপ্তি হবে।

আওয়ামী লীগের আমলে গত ১৩ বছরে একটি মানুষও না খেয়ে মারা যায়নি- কৃষিমন্ত্রী

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার বেগমপুর ইউনিয়নের রাঙ্গিয়ার পোতা গ্রামে আনার বাগান পরিদর্শন করেন কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক এ সময় তিনি বলেন আমাদের দেশেই এখন সব রকম চাষ করা সম্ভব তাই কৃষিখাতকে আমরা ঢেলে সাজ্জাছি। আনার বাগান পরিদর্শন শেষে দামুড়হুদা উপজেলার দর্শনা থানার পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের হৈবৎপুর গ্রামে মুক্তিযোদ্ধা স্মৃতি সংগ্রহ শালা ও নবান্নে ধান কর্তন অনুষ্ঠানরের শুভ উদ্ধোধন করেন কৃষিমন্ত্রী ড.আব্দু রাজ্জাক।

আজ মঙ্গলবার (১৫ নভেম্বর) দুপুর ১২ টার দিকে হৈবৎপুর গ্রামে এ শুভ উদ্ধোধন করা হয়।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক আমিনুল ইসলাম খানের সভাপতিত্বে ,প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্যে রাখেন বাংলাদেশ সরকারের কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক।

তিনি বলেন, মুক্তিযোদ্ধার চেতনায় এগিয়ে চলছে বাংলাদেশ, বৈশ্বিক পরিস্হিতি – মোকাবেলায় সকল আবাদী অনাবাদী পতিত জমি চাষের আওতায় আনতে হবে। বাংলাদেশ কৃষি প্রধান দেশ,বাংলাদেশে কোন খাদ্যের ঘাটতি হবে না, বর্তমান বিশ্বে মহামারী ও দূভিক্ষ দেখা দিলেও বাংলাদেশে কোন ঘাটতি হবে না। আমরা সব সময় জনগনের পাশে আছি এবং থাকবো। এ সরকার মুক্তিযোদ্ধাদের যত রকম সুযোগ সুবিধা আছে সব রকম আমরা দিয়ে আসছি। আমরা আগামী দিনে সরকার গঠন করে দেশকে আরও একধাপ এগিয়ে নিতে চাই। তাই আগামীতে জননেত্রী ও প্রধানমন্ত্রীর হাতকে শক্তিশালী করতে শেখ হাসিনার কোন বিকল্প নেই।

তিনি আরও বলেন বিএনপি ক্ষমতায় থাকার সময় ২০০১ থেকে ২০০৬ সাল পর্যন্ত দেশের উত্তরাঞ্চলে আশ্বিন-কার্তিক মাসে প্রতিদিন দুই থেকে পাঁচজন মানুষ না খেয়ে মারা গেছে। আওয়ামী লীগের আমলে গত ১৩

ম্যুরালে পুস্পমাল্য অর্পণ

বাংলাদেশে স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পমাল্য অর্পণ করেছেন মেহেরপুর জেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম।

মেহেরপুর-১ আসনের এমপি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনও পৃথকভাবে বঙ্গবন্ধুর ম্যুরালে পুম্পমাল্য অর্পণ করেন।

মঙ্গলবার দুপুরে জেলা পরিষদের সামনে স্থাপিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পমাল্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন তারা।

উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল খালেক নবনির্বাচিত সদস্য মিজানুর রহমান, ইমতিয়াজ হোসেন মিরন, আজিমুল বারী, শামীম আরা হীরা, শাহানা ইসলাম শান্তনা।

মুজিবনগরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ উদ্বোধন

দুর্ঘটনা-দুর্যোগ হ্রাস করি, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ি’ এই প্রতিপাদ্য নিয়ে মেহেরপুরের মুজিবনগরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহের উদ্বোধন করা হয়েছে।

মুজিবনগর ফায়ার সার্ভিস স্টেশনে মঙ্গলবার বেলা সাড়ে ১১ টার সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ ২০২২ এর উদ্বোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাস।

“ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ-২০২২” ১৫ নভেম্বর ২০২২ হতে ১৭ নভেম্বর ২০২২ পর্যন্ত চলবে। মুজিবনগর ফায়ার সার্ভিস ও

সিভিল ডিফেন্সের

ভারপ্রাপ্ত স্টেশন অফিসার শাহজাহান আলী বলেন ‘মুজিবনগর ফায়ার সার্ভিস স্টেশন সম্পর্কে মানুষের ধারণা বাড়ানো এবং মানুষ যাতে সহজে সেবা নিজে নিতে পারে সেজন্য সপ্তাহ ব্যাপি তারা তাদের অগ্নি নির্বাপক যানবাহন গুলো রয়েছে সেগুলো নিয়ে উপজেলাতে বিভিন্ন স্কুল জনসমাগম স্থলে অগ্নি নির্বাপক মহড়া পরিচালনা করবেন।সাথে দ্রুত সাধারণ মানুষ যাতে যোগাযোগ করতে পারে সে জন্যে তিনি বলেন ছোট হোক বড় হোক যে কোনো দুর্ঘটনা বা অগ্নিকাণ্ডে ২৪ ঘন্টা জরুরি সেবা পেতে ফায়ার সার্ভিস এর হটলাইনে 016163 কল করুন।

অথবা মুজিবনগর ফায়ার সার্ভিস এর নিজস্ব মোবাইল নম্বর 01734-314181 এ কল করার জন্য বলেন। মুজিবনগর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন অফিসার (ভারপ্রাপ্ত) শাহজাহান আলীর সভাপতিত্বে, উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভিন্ন নগর থানা অফিসার ইনচার্জ মেহেদি রাসেল।

ক্লান্ত গৃহস্ত মহিষের পিঠে চড়েই বাড়ি ফিরছেন

মেঠো পথ ধরে মহিষের পিঠে বসেই নির্ভাবনায় গৃহস্ত মাঠ থেকে বাড়ি ফেরা গ্রাম বাংলার এক চিরচেনা রুপ।

মাঠ থেকে সারাদিন মহিষ চরানোর পর কৃষক যখন ভূখা ও ক্লান্ত হয়ে পড়েন।সারাদিন মাঠের তৃণ লতা ভক্ষণ করে মহিষগুলো তখন সতেজ হয়ে ওঠে।

মহিষ যেনো নিজের পিঠে করে ভূখা ও ক্লান্ত গৃহস্ত বাড়ি ফিরিয়ে আনার দায়ীত্ব বহন করে।এমনি এক চিরচেনা রুপ দেখা গেলো মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলার ওলিনগর গ্রামের মধ্যে। মহিষ চরানোর পর ক্লান্ত গৃহস্ত আফিল উদ্দীন এভাবেই মহিষের পিঠে চড়ে

বাড়ি ফিরছিলেন।

ছবি ও ক্যাপশন জুলফিকার আলী কানন

দামুড়হুদা উপজেলা আইন শৃংখলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলা আইন শৃংখলা, চোরাচালান, মানব পাচার, সন্ত্রাস-নাশকতা, নারী নির্যাতন প্রতিরোধ, কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার বেলা ১১টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে সভাটি অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা সানজিদা বেগম। সভায় বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজী সহিদুল ইসলাম, দামুড়হুদার দর্শনা সরকারি কলেজের অবসরপ্রাপ্ত অধ্যক্ষ আব্দুল গফুর, দামুড়হুদা মডেল থাানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি ফেরদৌস ওয়াহিদ, দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি লুৎফুল কবীর, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম, নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী, কুড়ুলগাছি ইউপি চেয়ারম্যান কামাল উদ্দীন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান ববি, উপজেলা আনসার ভিডিপির কর্মকর্তা রাফেজা খাতুন, দামুড়হুদা মডেল সরকারি প্রাইমারি স্কুলের প্রধান শিক্ষক কুতুব উদ্দীন।

দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী বলেন, উপজেলার আইন শৃংখলা পরিস্থিতি মোটামুটি ভালো তবে দুঃখজনক হলেও সত্য সরকার সম্প্রতি সময়ে দামুড়হুদার সুবলপুর থেকে ১১কিলোমিটার ভেরব নদ

খননের টেন্ডার দেন। ঠিকাদারী প্রতিষ্ঠান ভেরব নদ খনন কাজ শেষ করেন। খননের দুপাড়ের মাটি প্রকাশ্যে বিভিন্ন ইটের ভাটা ও মাটি ব্যবসায়ীদের কাছে বিক্রি করে আসছে। ইতোমধ্যে কিছু কিছু স্থানে ভৈরব নদের পাড়ের মাটি উধাও হয়ে গেছে। যা সরকারের গাছ লাগানো ও মাটি ডেসিং করা টেন্ডারের কাজ ব্যাহত হবে বলে এলাকাবাসি মনে করছেন।

ইতোমধ্যে ভৈরব নদের মাটি অপসরণ রোধে দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা ও ওসি দামুড়হুদা কে চিঠি দিয়েছেন বলে পানি উন্নয়ন বোর্ডের মাধ্যমে জানতে পেরেছি। তার পরও কোন অদৃশ্য শক্তির বলে ভৈরব নদের মাটি হরিলুট হচ্ছে তা আমার অজানা!!

আলমডাঙ্গায় ডিজিটাল মেলার উদ্বোধন

উদ্ভাবনী জয়োল্লাসে স্মার্ট বাংলাদেশ এ প্রতিপাদ্যে দিন ব্যাপী আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ উদ্বোধন করা হয়েছে।

গতকাল সোমবার সকাল ১০ টায় উপজেলা মুক্তিযোদ্ধা মঞ্চে অনুষ্ঠিত হয়। ডিজিটাল উদ্ভাবনী মেলায় আলোচনা সভা, সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণ করা হয়।

উদ্বোধনী ডিজিটাল মেলায় উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন, উপজেলা সহকারী কমিশনার ভুমি রেজওয়ানা নাহিদ, উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা হাদি জিয়াউদ্দিন আহমেদ, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলিগের সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, সরকারি ডিগ্রি কলেজের অধ্যক্ষ আব্দুল্লাহ আল মামুন, থানার অফিসার ইনচার্জ পরিদর্শক ওসি সাইফুল ইসলাম, বীর

মুক্তিযোদ্ধা মঈনুদ্দিন, বীরমুক্তিযোদ্ধা জকু, মহিলা বিষয়ক কর্মকর্তা কামরুন্নাহার আঁখি, মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা শাহিনা আক্তার, প্রাণী সম্পদ কর্মকর্তা আব্দুল্লাহীল কাফি প্রমূখ।